



## দুর্নীতি দমনে সামাজিক আন্দোলনের আহ্বান মির্জা ফখরুলের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের অর্থ অপচয় ও দুর্নীতির বিরুদ্ধে সবাইকে একসঙ্গে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শনিবার (২৩ মে) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন অব বাংলাদেশের (আইইবি) ৭৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

অনুষ্ঠানে মন্ত্রী বলেন, বিগত সময়ে উন্নয়ন প্রকল্পের নামে ব্যাপক অনিয়ম হয়েছে। তার দাবি অনুযায়ী, শুধু পিরোজপুর জেলাতেই এলজিআরডি মন্ত্রণালয়ের আওতায় প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকা লোপাট হয়েছে বলে অভিযোগ রয়েছে।

তিনি আরও বলেন, উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করতে হলে দুর্নীতির বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তোলা জরুরি। একই সঙ্গে দেশের উন্নয়ন এগিয়ে নিতে প্রকৌশলীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও মন্তব্য করেন তিনি।

মন্ত্রী আশা প্রকাশ করেন, ভবিষ্যতে একটি নতুন বাংলাদেশ গঠনে প্রকৌশলীরা আরও দায়িত্বশীল ভূমিকা রাখবেন।

আইইবির সভাপতি প্রকৌশলী মোহাম্মদ রিয়াজুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ কয়েকজন প্রকৌশলী ও জনপ্রতিনিধিকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননা পান সানজিদা ইসলাম (তুলি), মঈনুল ইসলাম খান (শান্ত) এবং মো. আশরাফ উদ্দিন (বকুল)।